

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: নবনিযুক্ত চেয়ারম্যান ও কমিশনারবৃন্দের সঙ্গে বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ ও ডিএসইর সভা প্রসঙ্গে।

অদ্য ০৭ জুন ২০২৬ তারিখে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের শীর্ষ কর্মকর্তাবৃন্দ সাথে নবনিযুক্ত কমিশনের একটি সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র কার্যালয়ে বেলা ১২:০০ ঘটিকায় সভাটি শুরু হয়। বিএসইসি'র চেয়ারম্যান মাসুদ খান, বিএসইসি'র কমিশনার তানভীর হাবিব রহমান সিপিএ, নাহিদ মাহতাব ও মোঃ নাফিজ আল তারিক এবং বিএসইসির শীর্ষ কর্মকর্তাবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন। অনুষ্ঠিত সভায় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সামগ্রিক কর্মকাণ্ড, পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসির রোডম্যাপ এবং নির্বাচনী ইশতেহার অনুযায়ী বিএসইসির ভবিষ্যত পরিকল্পনাসহ সংশ্লিষ্ট বিষয়সমূহ নিয়ে আলোচনা হয়।

এছাড়া দুপুর ৩:০০ টায় বিএসইসি'র কার্যালয়ে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি নবনিযুক্ত কমিশনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় বিএসইসি'র চেয়ারম্যান, সকল কমিশনারবৃন্দ, ডিএসই'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান, পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালকসহ শীর্ষ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় ফুল দিয়ে ডিএসই'র পক্ষ থেকে নবনিযুক্ত কমিশনকে শুভেচ্ছা জানানো হয় এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

উল্লেখ্য, গত ০৪ জুন ২০২৬ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান হিসেবে মাসুদ খান এবং কমিশনার হিসেবে তানভীর হাবিব রহমান সিপিএ, নাহিদ মাহতাব ও মোঃ নাফিজ আল তারিক যোগদান করেছেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৪/০৬/২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর- ৫৩.০০.০০০০.০০০.৪২১.১১.০০০১.২৬-৮২ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) অনুযায়ী জনাব মাসুদ খান-কে চার বছর মেয়াদের জন্য বিএসইসি এর চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। একইসাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ০৪/০৬/২০২৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নম্বর- ৫৩.০০.০০০০.০০০.৪২১.১১.০০০১.২৬-৮৩, ৮৪ ও ৮৫ মোতাবেক বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা-৫(২) অনুযায়ী যথাক্রমে জনাব তানভীর হাবিব রহমান সিপিএ, জনাব নাহিদ মাহতাব ও জনাব মোঃ নাফিজ আল তারিক-কে চার বছর মেয়াদের জন্য বিএসইসি এর কমিশনার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

বিএসইসি'র নবনিযুক্ত চেয়ারম্যান মাসুদ খান দেশের শীর্ষস্থানীয় বহুজাতিক কোম্পানি ও স্থানীয় কর্পোরেট প্রতিষ্ঠানে দীর্ঘ ৪৬ বছর ধরে কাজ করেছেন। সর্বশেষ তিনি ইউনিলিভার কনজুমার কেয়ারের চেয়ারম্যানের দায়িত্বে ছিলেন। এছাড়াও তিনি সিঙ্গার বাংলাদেশ, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানি (বিএটিবিসি), বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেড ও কমিউনিটি ব্যাংকের পর্ষদে স্বতন্ত্র পরিচালকের দায়িত্বে ছিলেন। তিনি লাফার্জহোলসিম বাংলাদেশ লিমিটেডের প্রধান অর্থ কর্মকর্তা ও সিইও'র উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন এবং অন্যান্য বহুজাতিক প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। তিনি ভারতের কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন সেন্ট জেভিয়ার্স কলেজ থেকে বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি অর্জন করেছেন। এছাড়া তিনি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া (ICAI) থেকে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট (CA) এবং ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া থেকে কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট (CMA) হিসেবে পেশাগত যোগ্যতা অর্জন করেন।

বিএসইসি'র নবনিযুক্ত কমিশনার তানভীর হাবিব রহমান সিপিএ বিএসইসিতে যোগদানের পূর্বে আশা ইন্টারন্যাশনালের (ASA International) ফাইন্যান্স ডিরেক্টর হিসেবে কর্মরত ছিলেন। বিএসইসি'র নবনিযুক্ত কমিশনার নাহিদ মাহতাব পেশাগত জীবনে সুপ্রিম কোর্টের একজন খ্যাতিমান আইনজীবী হিসেবে কাজ করেছেন। তিনি বাংলাদেশ সুপ্রিম কোর্টে আইন পেশায় দীর্ঘদিন যুক্ত ছিলেন এবং করপোরেট ও দেওয়ানি বিষয়াবলিতে বিশেষভাবে কাজ করেছেন। বিএসইসি'র নবনিযুক্ত কমিশনার মোঃ নাফিজ আল তারিক বিএসইসিতে যোগদানের পূর্বে ঢাকা ব্যাংক সিকিউরিটিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। তিনি সিএফএ (CFA) ও এফআরএম (FRM) ডিগ্রিধারী পুঁজিবাজার বিশেষজ্ঞ।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র

০৭/০৬/২০২৬

